

শিষ্যত্বের বিকাশ

খ্রীষ্টীয় জীবনে অপরিহার্য বিষয় সমূহ
নেতার নির্দেশিকা

পরিচালকের নির্দেশিকা

পাঠ ৩: খ্রীষ্টের একজন শিষ্যের বৈশিষ্ট্যসমূহ

ভূমিকা

শীর্ষক ‘শিষ্যত্বের বিকাশ’ মড্যুলের একটি অংশ হচ্ছে এই পাঠটি। যিশু খ্রীষ্টের একজন অনুগামীর আত্মিক গঠনের বিষয়ে যে প্রক্রিয়াটিকে নির্দেশ করা হয় শিষ্যত্ব বলে – অধ্যয়ন করেছে এই পাঠ্য ধারাটি। যিশু খ্রীষ্টের প্রতি বিশ্বাসে কেউ একজন আসার পরবর্তীতে শিষ্যত্বের প্রক্রিয়াটি আরম্ভ হয়, তার জীবনের জন্য ঈশ্বরের পরিকল্পনা অনুসারে জীবনযাপন করার আকাঙ্ক্ষা দিয়ে শুরু করে। যখন কোন নতুন বিশ্বাসীকে তার বিশ্বাসে বৃদ্ধি পেতে সাহায্য করার দায়িত্ব আমরা যখন গ্রহণ করি তখন সেটাকে শিষ্য করা বলা হয়। যে কেউ অন্যদের শিষ্য করতে আগ্রহী, বিশেষতঃ যারা সুসমাচার প্রচার অনুশীলন করছেন, নতুন বিশ্বাসীদের উত্তর-তত্ত্বাবধান করছেন তাদের বিশ্বাসে বৃদ্ধি পাওয়ায় সাহায্য করতে এই উপকরণ খুবই উপকারে লাগবে। শিষ্যত্ব হচ্ছে প্রত্যেক বিশ্বাসী, বিশেষতঃ যারা আধ্যাত্মিক নেতৃত্বে রয়েছেন তাদের কর্তব্য!

আকাঙ্ক্ষিত শ্রোতা

এই পাঠ্যধারার অভিপ্রেত শ্রোতা হচ্ছেন নব-খ্রীষ্টাচারীরা, যারা খ্রীষ্টাচারের প্রাথমিক তত্ত্ব নিয়ে পুনঃপর্যালোচনা করতে চান, সে ছাড়াও যারা এই খ্রীষ্টাচারের অভ্যাস ও বিশ্বাস শিক্ষা দেওয়ার জন্য প্রস্তুতি নিচ্ছেন তারাও। খ্রীষ্টাচারী ভাবধারা সম্বন্ধে যারা কৌতূহলী, দৈনিক জীবনযাপন ও মনোনয়নে অংশ নেওয়ার মধ্যে দিয়ে তারাও এই পাঠগুলির মধ্যে মূল্য খুঁজে পাবেন।

পশ্চিমের চালক স্টুডেন্টসে আনবার পরসমুষ্টিতে সাহায্য করাই এই পশ্চিমের চালকের স্টুডেন্টস্কাউটের উদ্দেশ্য! www.debengali.org এ পরীক্ষা ‘স্টুডেন্টস্কাউটের স্টুডেন্টস্কাউট’এর নতুন নতুন উপাদানগুলির সহযোগে এই পাঠ্য পশ্চিমের চালক স্টুডেন্টস্কাউটকে ব্যবহার করা চলে।

বাইবেলের পদগুলি বাংলা পবিত্র বাইবেল (কেরী সংকলন) থেকে নেওয়া হয়েছে। কপিরাইট © দ্য বাইবেল সোসাইটি অফ ইন্ডিয়া, ২০৬ মহাত্মা গান্ধী রোড, ব্যাঙ্গালোর - ৫৬০ ০০১

এই সকল বিষয়বস্তু জগতের মানুষের কাছে প্রভু যীশু খ্রীষ্টের সুসমাচার প্রচারের উদ্দেশ্যে বিনামূল্যে যতদিন খুশি ব্যবহার করতে পারেন। সকল বিষয়বস্তুগুলির কপিরাইট ©2019 Trans World Radio Canada -র অধীনস্থ। লাইসেন্সের বিষয়ে অধিক জানার জন্য দেখুন www.discipleshipessentials.org/licensing



পরিচালকের নির্দেশিকা

পাঠ ৩: খ্রীষ্টের একজন শিষ্যের বৈশিষ্ট্যসমূহ

উদ্দেশ্য

এই পাঠের লক্ষ্য হল যীশু খ্রীষ্টের একজন প্রকৃত শিষ্য হওয়া কাকে বলে তা অনুসন্ধান করা। যোগদানকারীরা যীশুর শিষ্যদের কয়েকটি আবশ্যিক শাস্ত্রীয় বৈশিষ্ট্য শিক্ষা করবেন এবং সেগুলির আলোয় নিজেদের জীবন মূল্যায়ন করবেন।

নেতার নির্দেশিকা

শিষ্য করার কাজে জড়িত হওয়ার জন্য আবশ্যক রয়েছে একজন শিষ্যের বৈশিষ্ট্য সম্পর্কে স্পষ্ট ধারণা। একজন শিষ্য হচ্ছেন যীশুর এবং জীবনের যে পথ ও বিশ্বাস তিনি প্রদর্শন করেছেন তার একজন অনুগামী বা সহচর। এটা উপলব্ধি করা গুরুত্বপূর্ণ যে নিজেকে যীশুর একজন বিশ্বাসী বলা এবং গীর্জায় বা বাইবেল অধ্যয়নে যোগদান করা হচ্ছে আরম্ভ মাত্র। শিষ্যের আসল লক্ষ্য হচ্ছে নিজেকে অস্বীকার করার এবং ঈশ্বর ও তাঁর বিষয়গুলিকে প্রথম স্থান দেওয়ার সদিচ্ছা। একজন শিষ্য হওয়ার জন্য আবশ্যিক জীবনভর শিক্ষা করার জন্য ত্যাগ স্বীকার ও একনিষ্ঠতা। আপনার যোগদানকারীদের মধ্যে যদি বিশ্বাসে নবীন কেউ থাকে, তার পক্ষে এটা শিক্ষার এক গুরুত্বপূর্ণ পাঠ। সুসমাচার হচ্ছে সুসংবাদ আর তাই কারও কারও পক্ষে এটাকে স্বীকার করা হয়ত সহজ কিন্তু শিষ্য হওয়াটা কঠিন ব্যাপার তবু বাস্তব এটাই যে, খ্রীষ্টেতে আমরা প্রতিবন্ধক বন্দি হই নই বরং শান্তি ও মুক্তি খুঁজে পাই। এই সত্যটি ভাগ করে নেওয়ারই উপযুক্ত!

ভূমিকা

দলটিকে জিজ্ঞাসা করার জন্য অনুবর্তী প্রশ্নগুলির দু'টি বা তিনটি বেছে নিন।

- ❖ আপনার কাছে 'শিষ্য' কথাটির কি অর্থ? একজন শিষ্য কি করেন?
- ❖ শ্রেষ্ঠ কিছু অর্জনের উদ্দেশ্যে আপনি কি ত্যাগ করা মনস্থ করেছেন? মীমাংসাটা কি কঠিন ছিল? পিছনে ফিরে দেখার মত কি সেটা কঠিন মনে হয়েছে?
- ❖ ধনী তরুণকে যীশু উপদেশ দিয়েছিলেন তার সমস্ত সম্পত্তি বিক্রি করে দরিদ্রদের মধ্যে বিলিয়ে দিয়ে তারপর তাঁকে অনুসরণ করতে। সে পারেনি, যীশুকে অনুসরণ করার জন্য কি কি ত্যাগ করতে আপনি অসুবিধা বোধ করেন?
- ❖ অন্যান্য গুরুদের বা ধর্মের শিষ্যদের চাইতে খ্রীষ্টানুসারীরা কিসে ভিন্ন?

অধ্যয়ন

অনুবর্তী বিষয়গুলি দলকে শিক্ষা দিন।

শিক্ষা দিন



❖ **শিষ্য হওয়া কাকে বলে?** যীশু খ্রীষ্টকে নিজের পরিগ্রহাতা বলে স্বীকার করেছেন এবং তারপর সারা জীবন যে কোন মূল্যে তাঁর মত হয়ে ওঠার প্রয়াস করেন, এমনই কেউ হচ্ছেন যীশু খ্রীষ্টের এক শিষ্য। এর জন্য আবশ্যিক রয়েছে যীশুকে বিশ্বাস করা, তিনি যা উপদেশ দিয়েছেন তা শিক্ষা করা এবং তিনি যা যা করার নির্দেশ দিয়েছেন তাতে সম্মত হওয়া।

➤ **শিষ্যেরা হচ্ছেন শিক্ষার্থী:** ‘শিষ্য’ অর্থে গ্রীক প্রতিশব্দ হচ্ছে ‘মাথেটেস’, যার অর্থ ‘শিক্ষার্থী’। শিষ্য হচ্ছেন যারা ঈশ্বরপ্রেমী মন ও এক শিক্ষাগ্রাহী মনভাব বিশিষ্ট। গুরুর প্রতি তাদের পরম ভালবাসার দরুণ শিষ্যেরা উদ্গ্রীব থাকেন যীশু যা কিছু দান করেন তা গ্রহণ করতে: তাঁর ক্ষমা, প্রেম, নির্দেশ এবং আদেশ। যীশুর কাছে শিক্ষা করা হচ্ছে এক আজীবন প্রক্রিয়া।

- মথি ১১:২৮-৩০ পদ
- ফিলিপীয় ৩:১২-১৪ পদ

➤ **শিষ্যেরা থাকেন তাদের গুরুর সমরূপ হওয়ার প্রক্রিয়ার মধ্যে:** আমরা সর্বসিদ্ধ না হতে পারলেও ঈশ্বর কিস্তি আহ্বান করেছেন যীশু খ্রীষ্টের অনুরূপে বৃদ্ধি পাওয়ার জন্য। পূর্ণ প্রশিক্ষণ প্রাপ্ত হলে শিষ্যেরা আরও তাদের গুরুর মত হয়ে ওঠেন। যীশুর শিষ্যেরা ক্রমে তাঁর চরিত্র, আচরণ ও বাসনা আরও প্রতিফলিত করতে থাকেন।

- লুক ৬:৪০ পদ
- ইফিসীয় ৪:১৩ পদ

❖ **যীশুর শিষ্যদের কয়েকটি গুণগত বৈশিষ্ট্য:** যখন অন্যদের শিষ্য করার জন্য প্রস্তুত হচ্ছি তখন নিজেদের জীবন আমাদের পরীক্ষা করে দেখা দরকার। আমরা যথাযথ কি যীশু খ্রীষ্টের শিষ্য? আমরা যদিও নিখুঁত নই তবু কি অন্যদের কাছে উত্তম আদর্শ হওয়ার জন্য প্রস্তুত?

➤ **যীশুর শিষ্যেরা ঈশ্বরের এবং অন্যদেরও প্রতি তাদের প্রেমে বর্ধিষ্ণু:** মথি ২২:৩৬-৪০ পদ
ঈশ্বরকে সমস্ত সম্মান দিয়ে ভালবাসাই হচ্ছে শিষ্যদের উচ্চ-বাসনা, অতীষ্ট-ধাবন এবং শপথ। ঈশ্বরকে ভালবাসা মানে আমাদের সমস্ত জীবনটাই তাঁর কাছে সঁপে দেওয়া এবং এটা করি বাধ্য-বাধকতা হিসাবে নয় বরং আমাদের প্রতি তাঁর পরম স্নেহের প্রতিদান হিসাবে এটা আমাদের পরম আনন্দ হওয়া উচিত!

- ঈশ্বর আহ্বান করেছেন আমাদের সমস্ত হৃদয়, প্রাণ ও মন দিয়ে তাঁকে ভালবাসতে (মথি ২২:৩৭ পদ)। ঈশ্বর আহ্বান করেছেন আমাদের নিজেদের মত করে অন্যদের ভালবাসতে (মথি ২২:৩৯ পদ)।
- এই দু’টি আদেশ হচ্ছে খ্রীষ্টিয় জীবনের ভিত্তি (মথি ২২:৪০ পদ)। এই দু’টি আদেশ সম্বন্ধে আমি কি রকম অগ্রগতি করছি তা কি উপায়ে মূল্যায়ন করা যায়?
- আমরা ঈশ্বরকে যে যথাযথ ভালবাসি তা কি করে বুঝব? (১ যোহন ৪:১৯-২১ পদ)।

➤ **যীশুর শিষ্যেরা তাদের জীবনের অধিপতি জ্ঞানে খ্রীষ্টের কাছে আত্ম-সমর্পণ করে:** ঈশ্বরের রাজ্য অনুধাবন করা আমাদের মনের একনিষ্ঠ ব্রত দাবি করে। এমনকি পরিবারের প্রতি আমাদের পরিষেবাও কিন্তু যীশুর শিষ্য হওয়ার আহ্বানের কাছে সমর্পণ করতে হবে। যীশুকে যতই জানব ততই কিন্তু জানব যে, ঈশ্বর কে? আমাদের জন্য যীশু যা কিছু করেছেন তা যত ধ্যান করব ততই তাঁর সেবা করতে পারব কৃতজ্ঞ হৃদয় দিয়ে সুতরাং, খ্রীষ্টের যথাযথ



শিষ্য হতে গেলে অনুবর্তী বিষয়গুলিকে তাঁর প্রভুত্বের কাছে সমর্পণ করতে হবে (লুক ১৪:২৫-৩৩ পদ) ।

- আমাদের সম্পর্কগুলি (লুক ১৪:২৬ পদ) ।
- আমাদের বিষয়-আশয় (লুক ১৪:৩৩ পদ) ।
- আমাদের সম্পূর্ণ সত্ত্বা (লুক ১৪:২৬-২৭ পদ) ।

➤ **যীশুর শিষ্যেরা ঈশ্বরের রাজ্য অন্বেষণ করে:** জীবনের অন্য যে কোন উদ্দেশ্যের আগে একজন শিষ্য সর্বদা তাদের নিজস্বের বা জগতের নয় বরং ঈশ্বরের রাজ্য ও গৌরব প্রবর্তনাতেই সচেতন হবেন ।

- লুক ৯:৫৭-৬২ পদ ।

➤ **যীশুর শিষ্যেরা আত্যন্তরীণভাবে অনুপ্রাণিত হয় ঈশ্বরকে অনুসরণ ও সেবা করতে:**

- রোমীয় ৫:৬-৮ পদ
- ২ করিন্থীয় ৫:১৪ পদ
- ইব্রীয় ১২:২৮-২৯ পদ
- ১ করিন্থীয় ১৫:৫৮ পদ

❖ **যীশুর একজন শিষ্য হিসাবে নিজের ব্রতনিষ্ঠা মূল্যায়ণ:** আমাদের প্রত্যেকের উচিত যীশু খ্রীষ্টের এক একজন শিষ্য হিসাবে নিজের ব্রত মূল্যায়ণ করা । আমাদের জীবনে এমন সময়ও আসে যখন আমাদের অগ্রগতি হয় মন্দ্র বা এমনকি পূরণ পাপ ও বদভ্যাস ফিরে আসতে দিই । আমাদের মন্ত্রণাদাতা বা জবাবদায়িতার ভাগীদারের সঙ্গে সততা বজায় রাখার দ্বারা অন্ধকারে পাপ বৃদ্ধি পাওয়া রোধ করা সম্ভব ।

সংযুক্ত মূল্যায়ণ পত্রটির একটি করে কপি যোগদাতাদের দিতে পারেন যাতে তারা নীরবে ও স্বতন্ত্রভাবে মূল্যায়ণ করতে পারেন যীশু খ্রীষ্টের শিষ্য হিসাবে তারা কেমন করছেন । আপনি পরামর্শ দিতে পারেন যে, তাদের উত্তর মন্ত্রণাদাতা বা এমন কোন আস্থাভাজন বন্ধুর সঙ্গে ভাগ করে নিতে পারেন যিনি তাদের জীবনে আবশ্যিক পরিবর্তন সম্বন্ধে জবাবদায়ী রাখতে পারবেন ।

আলোচনা

- ❖ ঈশ্বরকে যদি সমস্ত হৃদয়, প্রাণ ও মন দিয়ে ভালবাসতেন তাহলে আপনার জীবনের চেহারাটা কেমন হতে পারত?
- ❖ যীশুর মত হয়ে ওঠা রাতারাতি ঘটে না – এটা প্রকৃতপক্ষে আজীবনের একটা ব্যাপার! ইদানিং কি রকমভাবে আপনি খ্রীষ্টসুলভতায় বৃদ্ধি পাচ্ছেন? ঈশ্বর আপনাকে কি শিখাতে চাইছেন?
- ❖ শিষ্যেরা তাদের জীবনে খ্রীষ্টকে সর্বাগ্রে রাখে এবং তাঁর রাজ্যের অন্বেষণ করে । দৈনিক ভিত্তিতে এটা আপনি কিভাবে করতে পারেন?
- ❖ আপনার মধ্যে অবিশ্বাসীরা খ্রীষ্টের কোন্ ছবিটা দেখতে পায়? আপনার জীবনে এমন কোন্ দিক চিন্তা করতে পারেন কি যেখানে আরও অনেক লক্ষ্য দেওয়া দরকার বা এমন দিক যেখানে ইতিমধ্যেই আপনি অনেকটা উন্নতি লক্ষ্য করতে পেরেছেন?



প্রার্থনা

প্রার্থনা করুন যাতে যোগদাতারা যীশু খ্রীষ্টের একজন করে শিষ্যের ভূমিকা নিতে নিতে তাদের খ্রীষ্টানুরূপতায় বৃদ্ধি পেতে থাকেন। প্রার্থনা করুন যাতে আরও তাঁর অনুরূপ হওয়ার আকাঙ্ক্ষায় তারা পূর্ণ হয় এবং পৃথিবীতে তাঁরই উদ্দেশ্য তারা পূরণ করতে পারেন। প্রার্থনা করুন যাতে যীশুর কাছে তারা আত্ম নিবেদিত হন এবং নিজেদের জীবনের সম্পূর্ণ নিয়ন্ত্রণ তাঁরই হাত দেন। প্রার্থনা করুন যেন তাঁর সেবা করতে করতে তারা তাঁকে সমাদর করেন।

শিষ্য হিসাবে আপনার ব্রতনিষ্ঠা মূল্যায়ণ করা

আমরা যেন নিয়মিত আমাদের শিষ্য হিসাবে ব্রতী হওয়ার বিষয়টিকে মূল্যায়ণ করি। এই প্রশ্নগুলির প্রার্থনা সহকারে সদুত্তর খুঁজতে খুঁজতে ঈশ্বরকে বলুন সমস্ত হৃদয় তাঁকে অনুসরণ করার মীমাংসার নবীকরণ করে দিতে।

১) আপনার কাছে যীশুর শিষ্য হওয়ার অর্থ কি?
২) যীশুকে অনুসরণ করতে আপনাকে কি মূল্য দিতে হবে?
৩) সর্বপ্রথমে তাঁর রাজ্য ও তাঁর ধার্মিকতা অন্বেষণের জন্য ঈশ্বরের আহ্বানের সঙ্গে আপনার অগ্রাধিকারের বিষয়গুলির কতটা ঘনিষ্ঠভাবে এক রেখায় আবদ্ধ? কি কি পাল্টানো আবশ্যিক?
৪) আপনার জন্য যীশু যা চান আপনিও কি তাই চান?
৫) তাঁর শিষ্য হওয়ার জন্য তাঁর আহ্বানের বিষয়ে আপনার কি কি আপত্তি আছে?



৬) যীশুর শিষ্য হওয়ার জন্য আপনার ব্রতনিষ্ঠার কি কি নির্দেশন আপনার জীবন তুলে ধরছে?

অন্য কারও সঙ্গে আপনার উত্তরগুলি ভাগ করা আবশ্যিক নয়- তবুও কারও সঙ্গে মিলিত হওয়া আপনার পক্ষে সাহায্যকর হতে পারে যিনি আপনাকে শিষ্য হওয়ার ব্রতের নবীকরণে আপনাকে জবাবদায়ী রাখতে পারবেন ।